

শুধু একটু ঝাঁকুনি... ঝাঁচাবে মোবাইল

আজকালের প্রতিবেদন: রাতবিরেতে কাজ সেরে বাড়ি ফেরার পথে কেউ কি আপনার পিছু নিচ্ছে? আপনি কি দুহুতীদের হুমকি বা শারীরিক নিগ্রহের ভয়ে কাঁটা? দুর্গম জায়গায় দুর্ঘটনাগ্রস্ত? অথবা বাড়ির বয়স্ক প্রিয় মানুষটিকে নিয়ে সর্বদা শঙ্কিত? যেখানে যে-কোনও বিপদই আসুক না কেন, সঙ্কটমোচনের জন্য এসেছে মোবাইল ফোনের নতুন প্রযুক্তি। বাড়িতে কিংবা পথেঘাটে কোনও বিপদের গন্ধ পেলেই হাতের মোবাইল সেটটি ধরে শুধু একটু ঝাঁকিয়ে দিন। ব্যস। ওতেই হবে। ফোনবুকে পূর্বনির্ধারিত করে রাখা আপনার কাছেই মানুষেরা মুহূর্তে পেয়ে যাবেন আপনার পাঠানো সঙ্কট বার্তা। আপনাকেই। মোবাইলের ই মেলে বা এস এম এসে ভেসে উঠবে আপনার নাম-সহ বিপদ বার্তা। যাবে আর্ট চিৎকারের রেকর্ডেড সাউন্ড ক্লিপিং। এমনকী ঠিক সেই মুহূর্তে আপনি কোথায় রয়েছেন তাও জানিয়ে দেবে অ্যানড্রয়েড প্রযুক্তির ওই জিও ট্যাগ। বারংবার সেই বার্তা আপনার প্রিয়জনের কাছে যেতে থাকবে একটি নির্দিষ্ট সময়ের ব্যবধানে। বিশেষত খুন, ধর্ষণের এই ভয়াল সময়ে কিংবা বয়স্কদের হঠাৎ অসুস্থতার কথা ভেবে এই নতুন অ্যাপ্লিকেশনটি নির্মাণ করেছে পুনের একটি প্রযুক্তি নির্মাণ সংস্থা এক্সটেনশিয়া ইনফরমেশন টেকনোলজি। অ্যাপটির নাম 'এস ও এস-স্টে সেফলি'। খরচ মাত্র ৬০ টাকা। কিনতে পারেন সরাসরি গুগল প্লে থেকে।